গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম
(রাজস্ব শাখা)
www.kurigram.gov.bd

নম্বর- ৩১.৪৭.৪৯০০.০০৬.০৯.০২০.২৫-৩১৪২

তারিখঃ ২৯ আশ্বিন, ১৪৩২ / ১৪ অক্টোবর, ২০২৫

## জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয় সায়রাত-১ অধিশাখা এর ০২ সেপ্টেম্বর, ২০২৫খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০০০.০৫০.৬৮.০০২৩.২৫.৫৫৫ নং স্মারক মূলে প্রাপ্ত প্রজ্ঞাপন এর সিডিউল অনুযায়ী উন্নয়ন প্রকল্পের আওতায় এ জেলার ২০ (কুড়ি) একরের উর্ধ্বে নিম্ন বর্ণিত ১০(দশ) টি জলমহাল ১৪৩৩-১৪৩৮ বঙ্গাব্দ ০৬(ছয়) বৎসর মেয়াদে ০৪ কার্তিক থেকে ৩০ কার্তিকের মধ্যে (২০ অক্টোবর থেকে ১৫ নভেম্বরের মধ্যে) আগ্রহী নিবন্ধনকৃত কুড়িগ্রাম জেলার প্রকৃত মৎস্যজীবী সংগঠন / সমিতি ভূমি মন্ত্রণালয় বরাবর নিম্নবর্ণিত শর্তে অনলাইনে আবেদন করতে অনুরোধ করা হলো।

**উন্নয়ন প্রকল্পের আওতায় বাংলা ১৪৩৩-১৪৩৮ সন মেয়াদে ইজারাযোগ্য জলমহালের তালিকা**

| ক্রঃ নং | উপজেলার নাম | জলমহালের নাম | মৌজার নাম | আয়তন (একরে) | ইজারার মেয়াদ | সরকারি ইজারামূল্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ০১ | কুড়িগ্রাম সদর | পাঁচগাছীর ছড়া | পূর্ব কুমরপুর, খামার বিষ্ণুবল্লভ, ঘোগাদহ, ছত্রপুর, আরাজী ভোগডাঙ্গা | ১২৮.৭৯ | ১৪৩৩-১৪৩৮ | ৯,৯৩,৭৫০/- |
| ০২ | | দাশের হাট ছড়া | চেরেঙ্গা, পলাশবাড়ী, টাপুরচর | ১০১.৫৬ | ১৪৩৩-১৪৩৮ | ২,৭৩,৪৩৮/- |
| ০৩ | | গিরাই নদী | পরমালী, রসুলপুর | ২২.৭৫ | ১৪৩৩-১৪৩৮ | ২,৮১,২৫০/- |
| ০৪ | | নাগদা বিল | বিশেশ্বর, কল্যাণ, নাজিরা | ৪০.৯৭ | ১৪৩৩-১৪৩৮ | ৩,৭৬,৫৬৩/- |
| ০৫ | নাগেশ্বরী | নাওডাঙ্গা, ধরকা, নিমকুশ্যা | নাওডাঙ্গা, ধরকা, নিমকুশ্যা | ২৭৯.০২ | ১৪৩৩-১৪৩৮ | ২০,৩১,২৫০/- |
| ০৬ | | কচাকাটামতির ছড়া | কচারদাড়া | ২১.৯২ | ১৪৩৩-১৪৩৮ | ১৭,১৮,৭৫০/- |
| ০৭ | | বাগডাঙ্গা বিল | বাগডাঙ্গা | ৪৫.৯৫ | ১৪৩৩-১৪৩৮ | ২,৫৪,৮৩৮/- |
| ০৮ | | ছোটধনী বড় ধনী | ধনী গাগলা | ৪১.১০ | ১৪৩৩-১৪৩৮ | ২,০৩,১২৫/- |
| ০৯ | ফুলবাড়ী | ফুলসাগর লেক | চন্দ্র খানা | ৩৭.০০ | ১৪৩৩-১৪৩৮ | ১৭,৭৫,০০০/- |
| ১০ | রাজারহাট | কোটেশ্বর বিল | ভীমশর্মা, পশ্চিম দেবত্তর | ৩২.৯৯ | ১৪৩৩-১৪৩৮ | ৮৫,৯৩৮/- |

**শর্তাবলী:**

০১. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এবং ভূমি মন্ত্রণালয়ের ২৪ এপ্রিল ২০১৯ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০০৬.১৯-২৯০ নম্বর প্রজ্ঞাপনে বর্ণিত চেকলিস্ট অনুসরণপূর্বক প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন দাখিল করতে হবে। বিস্তারিত শর্তসমূহ এ কার্যালয়ের ওয়েবসাইট (www.kurigram.gov.bd) ও রাজস্ব শাখা হতে জানা যাবে।

০২. ভূমি মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্রসহ ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে **(http://jm.lams.gov.bd)** অনলাইনে প্রকৃত মৎস্যজীবী সমিতি/ মৎস্যজীবী সংগঠনকে ০৪ **কার্তিক থেকে ৩০ কার্তিকের মধ্যে (২০ অক্টোবর থেকে ১৫ নভেম্বরের মধ্যে)** আবেদন করতে হবে।

০৩. আবেদন দাখিলের পূর্বে প্রস্তাবিত জলমহালের অবস্থান, পরিমাণ ইত্যাদি সরেজমিন দর্শন করে আবেদনপত্র দাখিল করতে হবে। জলমহাল ইজারা প্রদানের/ গ্রহণের পরবর্তীতে এ বিষয়ে কোন প্রকার ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না। এ বিষয়ে ইজারাদাতা কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

০৪. অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি, চাহিত সংশ্লিষ্ট কাগজপত্র ও উদ্ধৃত ইজারা মূল্যের ২০% জামানত বাবদ ব্যাংক ড্রাফট / পে-অর্ডারের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে অফিস চলাকালীন সময়ের মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রামের রাজস্ব শাখায় নির্ধারিত সীলগালাকৃত দরপত্র বাক্সে ৩০ কার্তিক পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে (১৫ নভেম্বর পরবর্তী ০৩(তিন কার্যদিবসের মধ্যে) ১৬/১১/২০২৫খ্রি. হতে ১৮/১১/২০২৫খ্রি. এর মধ্যে জমা দিতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না।

০৫. দাখিলকৃত আবেদনের উদ্ধৃত দর সরকারি ইজারামূল্য অপেক্ষা কম হলে দাখিলকৃত আবেদন গ্রহণযোগ্য হবে না।

০৬. ভূমি মন্ত্রণালয়ের ১১ আগস্ট, ২০১৫ খ্রি. তারিখের ৫১৪ নং স্মারক মূলে ইজারা প্রাপ্ত সমিতি প্রথম বর্ষের মতই পরবর্তী বর্ষ হতে পঞ্চম বর্ষ পর্যন্ত প্রতি বছর বার্ষিক ইজারামূল্যের সাথে সংশ্লিষ্ট বর্ষের ইজারা মূল্যের ২০% অর্থ ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার আকারে জেলা প্রশাসকের নিকট জমা দিতে হবে যা ইজারা গ্রহীতা/ সমিতি ইজারার মেয়াদ শেষ অর্থাৎ ষষ্ঠ বর্ষের ইজারামূল্যের সঙ্গে সমন্বয় করা হবে।

০৭. আবেদনকারী মৎস্যজীবী সমিতিকে আবেদন বাবদ ৫০০/-(পাঁচশত) টাকা (অফেরৎযোগ্য) চালানের মাধ্যমে জলমহাল ও পুকুর ইজারা কোড পুরাতন ১/৪৬৩১/০০০০/১২৬১ **নতুন-১৪১৫২০২** কোডে জমা প্রদান করে চালানের মুলকপি আবেদনের সাথে যুক্ত করে দাখিল করতে হবে।

০৮. আবেদিত জলমহালসমূহের মধ্যে যাচাইয়ান্তে কমিটি কর্তৃক অনুমোদন পরবর্তী সংশ্লিষ্ট জলমহাল ইজারাদেশ প্রদানের ১৫ কার্যদিবসের মধ্যে ইজারাগ্রহীতা মৎস্যজীবী সমবায় সমিতিকে ১ম বছরের ইজারামূল্যসহ ইজারামূল্যের উপর ১০% আয়কর (কোড নং ১১১১১০১) ও ১৫% ভ্যাট (কোড নং ১১৪১১০১) চালানের মাধ্যমে জমা প্রদানপূর্বক চালানের মূলকপি জেলা প্রশাসকের কার্যালয়ের রাজস্ব শাখায় জমা দিতে হবে এবং ইজারা চুক্তি সম্পাদন করতে হবে। রাজস্ব পরিশোধের ব্যর্থতায় ইজারাদেশ বাতিলসহ জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।

০৯. মৎস্যজীবী সংগঠন / সমিতিকে যাচাই বাছাই এর ক্ষেত্রে উক্ত সংগঠন/ সমিতি এর কোন রাষ্ট্র বিরোধী সম্পৃক্ততা থাকলে এবং পূর্বের কোন জলমহালের ইজারামূল্য পরিশোধে খেলাপী হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে কোন মামলা থাকলে সংশ্লিষ্ট সংগঠন/ সমিতিকে উক্ত জলমহাল বন্দোবস্ত প্রদান করা হবে না।

১০. কোন কারণে ইজারা কার্যক্রম বিলম্ব হলেও প্রদত্ত ইজারা ১৪৩৩ বঙ্গাব্দ ১লা বৈশাখ হতে কার্যকর হবে। এজন্য ইজারা গ্রহীতা কোন আর্থিক সুবিধা বা ক্ষতিপূরণ দাবি করতে পারবেন না। এ বিজ্ঞপ্তিভূক্ত জলমহালের ইজারার মেয়াদ ৩০ চৈত্র, ১৪৩৮ বঙ্গাব্দ তারিখে সমাপ্ত হবে।

১১. সংশ্লিষ্ট জলমহালে নিকটবর্তী / তীরবর্তী মৎস্যজীবীদের সমিতি বা সমবায়/ সমাজসেবা অধিদপ্তরের নিবন্ধিত, সমিতি বা সমিতিসমূহ নির্দিষ্ট বা তীরবর্তী জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবে, কোন ব্যক্তি বা অ-নিবন্ধিত সমিতি / সংগঠন আবেদন করতে পারবে না।

১২. আবেদনকারী কোন মৎস্যজীবী সংগঠন / সমিতিকে যদি এমন কোন সদস্য থাকেন, যিনি প্রকৃত মৎস্যজীবী নন তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্ত অযোগ্য বিবেচিত হবে। প্রকৃত মৎস্যজীবী নিরুপনের ক্ষেত্রে FID বিবেচনায় নেয়া হবে এবং কার্ডধারী মৎস্যজীবী সমিতি অগ্রাধিকার পাবে।

১৩. (ক) উন্নয়ন প্রকল্পের বিস্তারিত বিবরণ (প্রকল্প ছকে); (খ) প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির নিবন্ধন সনদ (রেজিস্ট্রেশন) এর সত্যায়িত কপি; (গ) নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির সকল সদস্যের নাম, ঠিকানা ও ছবি; (ঘ) মৎস্যজীবীদের জাতীয় পরিচয় পত্র; (ঙ) আবেদনকারী সমিতির প্রত্যেক সদস্য কার্ডধারী প্রকৃত মৎস্যজীবী মর্মে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির পক্ষে উপজেলা মৎস্য কর্মকর্তা / সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র; (চ) সভাপতি / সম্পাদক ও উক্ত সমিতির নিকট সরকারি কোন বকেয়া রাজস্ব পাওনা আছে কিনা এবং তাদের বিরুদ্ধে কোনো সার্টিফিকেট মামলা আছে কি না জেলা প্রশাসন কর্তৃক প্রত্যয়ন পত্র; (ছ) জেলা প্রশাসককে প্রদেয় জামানত বাবদ ব্যাংক ড্রাফট / পে-অর্ডার (মূল কপি); (জ) সমিতির গঠনতন্ত্র; (ঝ) সমিতির সভার কার্যবিবরণী; (ঞ) ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট (ব্যাংক'স রুলস অনুসারে); (ঠ) অডিট রিপোর্ট ও প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য কাগজপত্র দাখিল করতে হবে।

১৪. সমবায় অধিদপ্তর ও সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি ইজারা বন্দোবস্ত কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবেন। তবে জলমহালের নিকটবর্তী/ তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন / সমিতি প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবে।

১৫. আবেদন দাখিলকারী মৎস্যজীবী সমবায় সমিতির, সভাপতি / সম্পাদকের মোবাইল ফোন নম্বর স্বাক্ষর ও সিলের নিচে অবশ্যই দাখিল করতে হবে।

১৬. কোন মৎস্যজীবী সমবায় সমিতি দুইটির অধিক জলমহাল ইজারা / বন্দোবস্ত পাবেন না।

১৭. কর্তৃপক্ষ জনস্বার্থে যে কোন সময় কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন সম্পর্কে যে কোন উপযুক্ত সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৮. ভুল/ অসম্পূর্ণ তথ্য সম্বলিত আবেদন বাতিল বলে গণ্য হবে।

১৯. সরকারি জলমহাল নীতিমালা, ২০০৯ এ বর্নিত অন্যান্য শর্তাবলী এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত বিধি-বিধান ইজারাদার মেনে চলতে বাধ্য থাকবে।

২৪/১০/২০২৫

(সিফাত মেহনাজ)
জেলা প্রশাসক
কুড়িগ্রাম
ও
সভাপতি
জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ফোনঃ ০২৫৮৯৯-৫০০২৫
ই-মেইলঃ dckurigram@mopa.gov.bd